# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

**www.rajshahieducationboard.gov.bd**
রাজশাহীশিক্ষাবোর্ড.বাংলা
controller@rajshahieducationboard.gov.bd

বিজ্ঞপ্তি নম্বরঃ রাশিবো/মাধ্য-১/পনি-০৪/৫৩ তারিখঃ ১৭/০৯/২০২৬

## বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহীর আওতাধীন মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৭ সালের অনুষ্ঠিতব্য মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষার নতুন কেন্দ্র স্থাপন এবং কেন্দ্র পরিবর্তনের জন্য নিম্নবর্ণিত কাগজপত্রাদিসহ আগামী ১০/১০/২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী বরাবর আবেদন করতে হবে।

১. প্রস্তাবিত কেন্দ্রের অধ্যক্ষ/প্রধান শিক্ষক নিজস্ব লেটারহেড প্যাডে আবেদন করবেন।
২. নতুন কেন্দ্র স্থাপনের জন্য আবেদনে ৫০০০/-(পাঁচ হাজার) টাকা (অফেরতযোগ্য) এবং কেন্দ্র পরিবর্তনের জন্য ২০০০/-(দুই হাজার) টাকা (অফেরতযোগ্য) ফিস সোনালী সেবার মাধ্যমে জমা প্রদান করতে হবে। সোনালী সেবার মাধ্যমে টাকা জমা দেয়ার রশিদ আবেদনের সংগে সংযুক্ত করতে হবে।
৩. যে সকল প্রতিষ্ঠান এম পি ও ভুক্ত নয় এবং ভাড়া বাড়িতে শিক্ষা কার্যক্রম পরিচালনা করে, সে সকল প্রতিষ্ঠানের কেন্দ্রের জন্য আবেদন করার প্রয়োজন নেই।
৪. মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহীর ওয়েবসাইট থেকে নতুন কেন্দ্র স্থাপন, কেন্দ্র পরিবর্তনের ছক ডাউনলোড করে পূরণকৃত ছক আবেদনপত্রের সাথে সংযুক্ত করে জমা দিতে হবে।
৫. সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তার পরিদর্শন প্রতিবেদন জেলা প্রশাসকের মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী এর পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট যথাসময়ে প্রেরণ করতে হবে।
৬. প্রস্তাবিত কেন্দ্রটি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী এর অনুমোদন পেলে পরবর্তী যে সকল শিক্ষা প্রতিষ্ঠান উক্ত কেন্দ্রের অধীনে পরীক্ষায় অংশগ্রহন করতে ইচ্ছুক সে সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান প্রতিষ্ঠানের নিজস্ব লেটারহেড প্যাডে সম্ভাব্য পরীক্ষার্থীর সংখ্যা উল্লেখ পূর্বক সুস্পষ্ট ঘোষনাসহ প্রদত্ত সম্মতিপত্রের মূলকপি আবেদন পত্রের সাথে জমা দিতে হবে।

বিশেষ দ্রষ্টব্য :

ক. ইত:পূর্বে যে সকল শিক্ষা প্রথিষ্ঠান এসএসসি পরীক্ষা-২০২৬ সালের নতুন কেন্দ্র স্থাপন, কেন্দ্র পরিবর্তনের জন্য আবেদন করেছেন তাদেরকে নির্ধারিত ছক অনুযায়ী পুনরায় আবেদন করতে হবে।
খ. নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র প্রহন করা হবে না।
গ. অসম্পূর্ণ আবেদনপত্র গ্রহন করা হবে না।

১৭.৯.২৬
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
ফোন-০২৫৮৮৮৫৬২৩১

দৃষ্টি আকর্ষণ:
অধ্যক্ষ/প্রধান শিক্ষক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী এর
আওতাধীন মাধ্যমিক পর্যায়ের সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান

১৭.৯.২৬